

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

আম্বরখানা শাখা, সিলেট।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এত দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স চৌধুরী ট্রেডিং কোঃ এর সত্বাধিকারী জনাব মঈন আহমেদ চৌধুরী, পিত তজাম্মুল আলী চৌধুরী বর্তমান ঠিকানা: ১৬৮/২এক্যতান পশ্চিম পীর মহল্লা, সিলেট সদর, সিলেট স্থায়ী ঠিকানা: গ্রাম-শেরপুর, পোঃ রানা পিং, থানা-গোলাপ গঞ্জ, জেলা-সিলেট কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৭.১২.২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ১,৪২,১৬,৬৮৭.৭০ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ ষোল হাজার ছয় শত সাতাশি টাকা সত্তর পয়সা) সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহর কৃত দর পত্র আহবান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, সাব রেজিস্ট্রি অফিস- সিলেট, মৌজা- ফরিংগোরা, জেএল - এসএ নং-৬০, খতিয়ান নং- এস.এ- ৫৮,৬৪,৯৯,৬৫ আর.এস-৩১০৫,৩১০৭,৩১০৬,৩১০৪ এবং ৩১১৬ নামজারী ৮৭৫,৭৮৯,৭১৮, দাগ নং- এস.এ-২১৮৫,২১৮৬,২০৯০,২১৮৮,২১৪৭,২০৮৬,২১৮৮ এবং ২১৯১ আর.এস দাগ নং-৪৩৫৬,৪৩৫৭,৪১১৩,৪৩৬২,৪৩৬৩ মোট জমির পরিমাণ ৫৭৪.৭৫ শতাংশ জায়গা।
- ২। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, সাব রেজিস্ট্রি অফিস- সিলেট, মৌজা- আম্বরখানা, জেএল - এসএ নং-৯২, খতিয়ান নং- এস.এ- ৪৫৫, আর.এস- ৯৫, নামজারী ২৫১০, দাগ নং- এস.এ-১৩ আর.এস দাগ নং-১৪৪ মোট ৬.৭২ শতাংশ জমির উপর নির্মিত ৪ তলা দালানের ২য় তলার ১৫০০ বর্গফুট আয়তনের সি-১ নং একটি ফ্লট এবং আনুপাতিক অবিভক্ত ও অবিভাজ্য জমির পরিমাণ ১.০৫২৫ শতাংশ যাহার ঠিকানা - বাসা নং ১৬৮/২, এক্যতান পীর মহল্লা, সিলেট সদর, সিলেট।
- ৩। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, সাব রেজিস্ট্রি অফিস- সিলেট, মৌজা- কুমার গাওঁ, জেএল - এসএ নং-৮০, খতিয়ান নং- এস.এ- ১২০৩, আর.এস-৬০৬৭ নামজারী ১২০৩/২, দাগ নং- এস.এ-২৪৫৩ আর.এস দাগ নং-৬২০৭ মোট জমির পরিমাণ ০.০৭৫০ একর।
- ৪। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, সাব রেজিস্ট্রি অফিস- সিলেট, মৌজা- চালিয়া, জেএল নং - এসএ নং-৫৩, আর এস-৪৫, খতিয়ান নং -এস এ - ২২৮, আর এস.- ৩৩৮২, নামজারী ৬৯৬, দাগ নং- এস.এ-১৬২০ আর.এস - ৩৪৬৫ মোট জমির পরিমাণ ০.২৬ একর যার চৌহদ্দি - পূর্বে-মিরাশ ছফর আলী, পশ্চিমে- এস এ দাগ নং-১৬১৯, উত্তরে- গৌপাট, দক্ষিণে-অত্র দাগের জমি।

#### নিলামের শর্তাবলী

১. আগামী ২০.০১.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আম্বরখানা শাখা, সিলেট এ রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
২. প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আম্বরখানা শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৩. উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
৪. দরদাতা গন তফসিল ভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহন যোগ্য হইবে না।
৫. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
৬. ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রিকৃত দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.ভি/পল্লী বিদ্যুৎ গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনা দারের পাওনা বা দাবী থাকিলে তা দরদাতা কে বহন করিতে হইবে।
৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় পঞ্জাবিত সম্পত্তির আকার,প্রকার, অবস্থান, স্বত্তের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
৮. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
৯. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট।